

স্মারক নং- ৫৫৯

তারিখঃ ২৬ মাঘ ১৪৩১  
০৯ ফেব্রুয়ারি ২০২৫


“নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার কাজিপুর থানার মামলা নং-০৩, তারিখ-০৯/১১/২০২৪ খ্রিঃ, ধারা-১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের 25(1)/25(d) এর জন্মকৃত ৮৬ বস্তা সরকারি চাউল যাহার ওজন ২৫৮০ (দুই হাজার পাঁচশত আশি) কেজি এর মধ্যে হতে ০১ বস্তা চাউল ব্যতিত ৮৫ বস্তা যাহার ওজন ২৫৫০ (দুই হাজার পঞ্চাশ) কেজি এবং ১৮৩ বস্তা যাহার সরকারি চাউল যাহার ওজন ৬ (ছয়) মেট্রিক টন = (১০০০ X ০৬) ৬০০০ (ছয় হাজার) কেজি চাউল এর মধ্যে হতে ০১ বস্তা চাউল ব্যতিত ১৮২ বস্তা সরকারি চাউল যাহার ওজন ৫,৯৬৭ (পাঁচ হাজার নয়শত সাতষষ্টি) কেজি। সর্ব মোট = ৮,৫১৭ (আট হাজার পাঁচশত সতেরো) কেজি চাউল নিলামে বিক্রয়ের জন্য আগামী ১৬/০২/২০২৫ ইং তারিখ রোজ রবিবার বেলা-১২.০০ ঘটিকার সময় প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। আগ্রহী নিলাম ডাককারীগণকে নির্ধারিত তারিখে বেলা ১২.০০ ঘটিকার সময় নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামে অংশ গ্রহণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। নিলামের যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে।

নিলাম ডাকের স্থানঃ কাজিপুর থানা প্রাঙ্গণ, কাজিপুর, সিরাজগঞ্জ।

“শর্তাবলী”

১. নিলামে অংশগ্রহণকারীগণ নিলাম ডাকের পূর্বে চাউল পরিদর্শন পূর্বক নিলাম ডাকে অংশ গ্রহণ করিতে পারিবেন। এই বিষয়ে পরবর্তীতে কোন প্রকার ওজর-আপত্তি করা যাইবে না।
২. সর্বোচ্চ নিলাম দরদাতার দর অনুমোদন হইলে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ডাকের সমুদয় অর্থ জমা দিতে হইবে।
৩. অনুমোদিত ডাকের মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর জমা দিতে হইবে।
৪. নিলামে অংশগ্রহণের পূর্বে নগদ-৩,০০০/- (তিন হাজার) টাকা জমা দিতে হইবে।
৫. সর্বোচ্চ দরদাতাকে তাহার নিজ দায়িত্বে নিলামকৃত চাউল ০৩ (তিন) দিনের মধ্যে অপসারণ করিতে হইবে।
৬. যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সর্বোচ্চ নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
০৯/০২/২৫  
(মোঃ নূরে আলম)

অফিসার ইনচার্জ ও সদস্য সচিব  
নিলাম বিক্রয় কমিটি  
কাজিপুর থানা, সিরাজগঞ্জ।  
মোবাইল-০১৩২০-১২৯৭২০


E-mail: ocsir.kaz@police.gov.bd

স্মারক নং-

তারিখঃ ২৬ মাঘ ১৪৩১  
০৯ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর সিরাজগঞ্জ।
- ৩। সিরাজগঞ্জ সদর সার্কেল, সিরাজগঞ্জ।
- ৩। চেয়ারম্যান (দায়িত্বপ্রাপ্ত),..... (সকল), ইউপি, কাজিপুর, সিরাজগঞ্জ (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জনাব,.....।
- ৬। অফিস কপি।

  
০৯/০২/২৫  
(মোঃ নূরে আলম)

অফিসার ইনচার্জ ও সদস্য সচিব  
নিলাম বিক্রয় কমিটি  
কাজিপুর থানা, সিরাজগঞ্জ।  
মোবাইল-০১৩২০-১২৯৭২০  
E-mail: ocsir.kaz@police.gov.bd